



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৩৪৬/২, ঢোলাদিয়া রোড (কাঠগোলা বাজার), ময়মনসিংহ।
ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd



স্মারক নং-ময়শিবো/পনি/মাধ্যমিক/১০/০২/১৯/১৭৮

তারিখ : ২৬/১১/২০২৩ খ্রি.

এইচএসসি ২০২৩ এর ফল পুনঃনিরীক্ষণের নিয়মাবলি:

আবেদন করার তারিখ: ২৭/১১/২০২৩ থেকে ০৩/১২/২০২৩

শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে পুনঃনিরীক্ষণের আবেদন করা যাবে। আবেদন করতে মোবাইলের Message অপশনে গিয়ে RSC <Space> বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <Space> রোল নম্বর <Space> বিষয় কোড লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উদাহরণ: ময়মনসিংহ বোর্ডের কোনো পরীক্ষার্থীর রোল নম্বর 123456 হলে পরীক্ষার্থী আবেদন করতে চাইলে মোবাইলের Message অপশনে RSC mym 123456 174 লিখে Send করতে হবে 16222 নম্বরে। ফিরতি SMS এ আবেদন বাবদ কত টাকা কেটে নেওয়া হবে এবং একটি PIN প্রদান করা হবে। এতে সম্মত থাকলে Message অপশনে গিয়ে RSC <Space> PIN <Space> Contact Number (যে কোনো মোবাইল অপারেটর) লিখে Send করতে হবে 16222 নম্বরে।

উল্লেখ্য পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে একই SMS এর মাধ্যমে একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে। সেক্ষেত্রে কমা দিয়ে বিষয়/ পত্রের কোডগুলো আলাদা করে লিখতে হবে। যেমন পদার্থবিজ্ঞান ও রসায়ন দুটি বিষয়ের/পত্রের জন্য আপনার টেলিটক মোবাইলের Message অপশনে গিয়ে RSC <Space> mym <Space> Roll Number <Space> 174,175,176,177 লিখতে হবে।

- প্রতি পত্রের জন্য আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা।
- দ্বিপত্র বিশিষ্ট বিষয়ের ক্ষেত্রে উভয়পত্রেরই আবেদন করতে হবে।
- ম্যানুয়েল কোন আবেদন গ্রহণ করা হবে না।

(প্রফেসর মোঃ সামচুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ময়মনসিংহ।

ফোন : ০২৯৯৭৭১০৪৪২

E-mail : conbisemym@gmail.com